গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০
www.pib.gov.bd

# পিআইবি'র এপিএ টিমের ১০.১১.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর এপিএ টিম-এর সভা ১০.১১.২০২২ তারিখ সকাল ১০.০০ টায় এপিএ টিম-এর টিম লিডার ও পিআইবি'র মহাপরিচালক জনাব জাফর ওয়াজেদ-এর সভাপতিত্বে পিআইবি বোর্ডরুমে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

| ক্র নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১. | জনাব জাফর ওয়াজেদ<br>মহাপরিচালক | টিম লিডার<br>পিআইবি এপিএ টিম |
| ২. | জনাব মো. মিজানুর রহমান<br>সহকারী সম্পাদক (ফিচার) | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৩. | ড. কামরুল হক<br>গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৪. | জনাব মো. জাকির হোসেন<br>উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৫. | জনাব মোহাম্মদ নাছির উদ্দীন চৌধূরী<br>হিসাব অফিসার | ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম |
| ৬. | জনাব মোহাম্মদ শাহ আলম<br>কনিষ্ঠ প্রশিক্ষক | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৭. | জনাব শুভ কর্মকার<br>প্রভাষক | বিকল্প ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম |
| ৮. | জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞাঁ<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) | সদস্য<br>পিআইবি এপিএ টিম |

সভাপতি সকলকে স্বাগত জানান। তিনি কমিটির সদস্য ও উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ টিম-এর বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন সভা পরিচালনার আহবান জানান। সেই প্রেক্ষিতে উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব ২০২২-২০২৩ অর্থবছরে পিআইবি'র অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের কৌশলগত কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য কনিষ্ঠ প্রশিক্ষক জনাব মোহাম্মদ শাহ আলমকে অনুরোধ জানান।

জনাব মোহাম্মদ শাহ আলম বলেন, **'সংবাদপত্র, টেলিভিশন, অনলাইন মাধ্যমে কর্মরত সাংবাদিকদের বুনিয়াদী, ও বিষয়ভিত্তিক ও ইস্যুভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে সেবা প্রদান'** শীর্ষক ১.১.১ কর্মসম্পাদন সূচকে প্রথম ত্রৈমাসিকে ১১টি প্রশিক্ষণ কোর্স হয়েছে। দ্বিতীয় প্রান্তিকে ৩৬টি প্রশিক্ষণ আয়োজন করার পরিকল্পনা আছে। তিনি আরো বলেন, কর্মসম্পাদন **'১.১.২ প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী'** সূচকে প্রথম ত্রৈমাসিকে ৩৫৮ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ১৩৫৮ জনকে প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের ১.১.৩ কর্মশালা শীর্ষক সূচকের কর্মপরিকল্পনা সম্পর্কে জানাতে গিয়ে কনিষ্ঠ প্রশিক্ষক জনাব মোহাম্মদ শাহ আলম বলেন, দ্বিতীয় ত্রৈমাসিকে ৭টি কর্মশালা আয়োজন করা হবে। ২০২২-২০২৩ অর্থবছরের ১.১.৫ অনলাইন কোর্স কর্মসম্পাদন সূচকে ১ম ত্রৈমাসিকেই ৮টি অনলাইন কোর্স চালু করা হয়েছে। ১.১.৭ অনলাইন কোর্সে অংশগ্রহণকারীর সংখ্যা-শীর্ষক কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা ৬০০ জন। এই লক্ষ্য অর্জনে

প্রথম ত্রৈমাসিকে ১৬৮ জন প্রশিক্ষণ নিয়েছেন, দ্বিতীয় ত্রৈমাসিকে ১৫০ জনের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মপরিকল্পনা রয়েছে।

প্রভাষক শুভ কর্মকার ১.১.৪ কর্মসম্পাদন সূচকে সাংবাদিকতায় মাস্টার্স কোর্স ও ১.১.৬ কর্মসম্পাদন সূচকে সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স-এর কর্মপরিকল্পনা জানাতে গিয়ে বলেন, ১.১.৬ সূচকের লক্ষ্যমাত্রা দ্বিতীয় ত্রৈমাসিকে এবং ১.১.৪ সূচকের লক্ষ্যমাত্রা তৃতীয় ত্রৈমাসিকে অর্জিত হবে।

সহকারী সম্পাদক (ফিচার) জনাব মিজানুর রহমান বলেন, ২০২২-২০২৩ অর্থবছরে ২.১.১ গ্রন্থ মুদ্রণ কর্মসম্পাদন সূচকের মোট লক্ষ্যমাত্রা ১০টি। প্রথম ত্রৈমাসিকে ৩টি বই মুদ্রণ করা হয়েছে এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ১টি বই মুদ্রণ করা হবে। ২.১.২ কর্মসম্পাদন সূচকে গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা প্রকাশ করা হবে ৫টি। প্রথম ত্রৈমাসিকে ১টি মুদ্রণ হয়েছে এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ২টি নিরীক্ষার সংখ্যা প্রকাশের কর্মপরিকল্পনা রয়েছে। কর্মসম্পাদন সূচক ২.১.৩-এ ৪০টি ফিচার প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম ত্রৈমাসিকে ১২ টি প্রকাশ করা হয়েছে এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ১৩ নিবন্ধ প্রকাশের কর্মপরিকল্পনা রয়েছে। প্রথম ত্রৈমাসিকে ২.১.৪ কর্মসম্পাদন সূচকে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হয়েছে। কর্মসম্পাদন সূচক ২.১.৫ এ বুকলেট তৃতীয় ত্রৈমাসিকে মুদ্রণ করা হবে।

গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব ড. কামরুল হক বলেন, কর্মসম্পাদন সূচক ৩.১.১ এ গবেষণা ও তথ্য সংরক্ষণকর্ম এর লক্ষ্যমাত্রা ৪টি। ১টি গবেষণা প্রথম ত্রৈমাসিকে সম্পন্ন করা হয়েছে। ৩.১.২ সূচকে গ্রন্থাগার পাঠক সেবার লক্ষ্যমাত্রা ১০০০ যা প্রতি ত্রৈমাসিকে (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ) ২৫০ করে অর্জন করা হবে। প্রথম ত্রৈমাসিকে ৩৮৯ জনকে পাঠক সেবা দেওয়া হয়েছে এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ২৫০ অর্জিত হবে। ২০২২-২০২৩ অর্থবছরে কর্মসম্পাদন সূচক ৩.১.৩-এ ৯০০০টি ক্লিপিং সংরক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। এই লক্ষ্যমাত্রা প্রথম ত্রৈমাসিকে ৪৭৫০টি ক্লিপিংস হয়েছে। দ্বিতীয় ত্রৈমাসিকে ২০০০টি ক্লিপিংস সংরক্ষণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব বলেন, ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তয়নে সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানান। এছাড়া ই-নথিতে বেশী বেশী দাপ্তরিক কাজ সম্পাদনের অনুরোধ জানানো হয়।

**<u>আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>**

১. ২০২২-২০২৩ অর্থবছরে পিআইবি'র নিজস্ব এপিএ-এর কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১.১.১ কর্মসম্পাদন সূচকে দ্বিতীয় ত্রৈমাসিকে ৩৬টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

১.১.২ প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী' সূচকে দ্বিতীয় ত্রৈমাসিকে ১৩৫৮ জন প্রশিক্ষণ ও কর্মশালা প্রদান করা হবে।

১.১.৩ কর্মশালা শীর্ষক সূচকে দ্বিতীয় ত্রৈমাসিকে ৭টি কর্মশালা অনুষ্ঠিত হবে।

১.১.৪ সাংবাদিকতায় মাস্টার্স কোর্স এর লক্ষ্য তৃতীয় ত্রৈমাসিকে অর্জিত হবে।

১.১.৫ অনলাইন কোর্স কর্মসম্পাদন সূচকে ১ম ত্রৈমাসিকেই ৮টি অনলাইন কোর্স চালু হয়েছে।

১.১.৬ সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স এর লক্ষ্যমাত্রা দ্বিতীয় ত্রৈমাসিকে অর্জিত হবে।

১.১.৭ অনলাইন কোর্সে অংশগ্রহণকারীর সংখ্যা দ্বিতীয় ত্রৈমাসিকে ১৫০ জন অর্জন করা হবে।

২.১.১ গ্রন্থ মুদ্রণ কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা দ্বিতীয় ত্রৈমাসিকে ১টি বই মুদ্রণ করা হবে।

২.১.২ সূচকে গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা দ্বিতীয় ত্রৈমাসিকে ২টি সংখ্যা প্রকাশ করা হবে।

২.১.৩ ফিচার ও নিবন্ধ সূচকে দ্বিতীয় ত্রৈমাসিকে ১৩টি ফিচার ও নিবন্ধ প্রকাশ করা হবে।

২.১.৪ সূচকে বার্ষিক প্রতিবেদন প্রথম ত্রৈমাসিকে প্রকাশিত হয়েছে।

৩.১.১ সূচকে গবেষণা ও তথ্য সংরক্ষণকর্ম এর ৩টি গবেষণা চতুর্থ ত্রৈমাসিকে সম্পন্ন করা হবে।

৩.১.২ গ্রন্থাগার পাঠক সেবা সূচকে লক্ষ্যমাত্রা দ্বিতীয় ত্রৈমাসিকের ২৫০ জনকে পাঠক সেবা দেওয়া হবে।

৩.১.৩ সূচকে ক্লিপিং সংরক্ষণে লক্ষ্যমাত্রা দ্বিতীয় ত্রৈমাসিকের ২০০০টি সংরক্ষণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২. ই-নথির ব্যবহার বাড়াতে হবে।

৩. ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট থাকা ও প্রমাণক সংগ্রহের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও যত্নশীল হওয়ার অনুরোধ জানানো হয়।

সভাপতি বলেন, এপিএ টিমের সকল সদস্যের অংশগ্রহণে একটি কার্যকর সভা অনুষ্ঠিত হয়েছে। সকলের সহযোগিতায় পিআইবি ২০২২-২০২৩ অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে বলে প্রত্যাশা রাখছি। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

**(জাফর ওয়াজেদ)**
মহাপরিচালক
ও
টিম লিডার
এপিএ টিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
**প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)**
৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০
www.pib.gov.bd

# ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত
# <u>এপিএ টিম-এর সভা</u>

**তারিখঃ ১০ নভেম্বর, ২০২২ ❁ সময় : বেলা ১০:০০টা**

## এপিএ টিম-এর উপস্থিত কমকর্তাগণের স্বাক্ষর

| ক্র.ন. | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জাফর ওয়াজেদ<br>মহাপরিচালক , টিম লিডার<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০/১১/2022 |
| ০২. | মো. মিজানুর রহমান<br>সহকারী সম্পাদক(ফিচার) ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০/১১/022 |
| ০৩. | ড.কামরুল হক<br>গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি),চ.দা. ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০/১১/2022 |
| ০৪. | মো. জাকির হোসেন<br>উপপরিচালক (প্রশাসন),চলতি দায়িত্ব ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০.১১.2022 |
| ০৫. | মোহাম্মদ নাছিরউদ্দীন চৌধুরী<br>হিসাব অফিসার ও ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা | [signature] ১০/১১/২০২২ |
| ০৬. | মোহাম্মদ শাহ আলম<br>কনিস্ঠ প্রশিক্ষক ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০/১১/2022 |
| ০৭. | শুভ কর্মকার<br>প্রভাষক ও বিকল্প ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০/১১/2022 |
| ০৮. | মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার(অ.দা.) ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] ১০/১১/2022 |